• বর্তমানে প্রায় সকল দেশে রোগ নির্ণয়ের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিনির্ভর কৃত্রিম বুদ্ধিমত্তা এবং কম্পিউটার প্রযুক্তি যথাযথ প্রয়োগ দ্বারা সূক্ষ্মভাবে রোগ নির্ণয় করা সম্ভব হচ্ছে।

• EHR (Electronic Health Record) এর মাধ্যমে ডেটাবেজে রোগীর সকল তথ্য সংরক্ষিত থাকে এবং রোগী তার EHR ব্যবহার করে যে কোন স্থান হতে তার রোগ সম্পর্কিত তথ্য, রিপোর্ট, চিকিৎসা ব্যবস্থাপত্র ইত্যাদি যেকোন স্থানে বসে পেতে পারেন।

• সিটিস্ক্যান এর অর্থ (Computed Tomography Scan), চিকিৎসা বিজ্ঞানে এটি প্রতিবিম্ব তৈরির একটি প্রক্রিয়া। আলোর প্রতিসরণের সাথে জ্যামিতিক হিসেবের মাধ্যমে দ্বিমাত্রিক ছবিগুলোকে ত্রিমাত্রিক করা হয়, এতে কোনো বস্তুর অবস্থান নিঁখুতভাবে নির্ণয় করা যায়।

• রোগীর অস্বাভাবিক লক্ষণগুলো পরীক্ষা এবং পর্যবেক্ষণ করার জন্য কম্পিউটার (যেমন : ইসিজি, ইকোকার্ডিওগ্রাম) ব্যবহার করা হয় ইত্যাদি।

অর্থাৎ চিকিৎসাক্ষেত্রে তথ্য সংরক্ষণ, ইমেজ বিশ্লেষণ এবং রোগী পর্যবেক্ষণ প্রভৃতি সকল ক্ষেত্রেই কম্পিউটার ব্যবহৃত হয়।

Hello BCS

3) নিচের কোন প্রযুক্তি Face Recognition System – এর সহায়ক ভূমিকা পালন করে?

- ✔ 1) Applied Artificial Intelligence (AI)
- 2) উপরের কোনটিই নয়
- 3) Virtual Reality
- 4) Applied Internet of Things (IoT)

**ব্যাখ্যা :** মানুষের মুখমন্ডল সনাক্তকরণ বা ফেইস রিকোগনিশন সিস্টেম হচ্ছে এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যার সাহায্যে মানুষের মুখের গঠন প্রকৃতি পরীক্ষা করে তাকে সনাক্ত করা হয়। সন্দেহভাজন কোন ব্যাক্তিকে সনাক্তকরণে, বিল্ডিং বা কক্ষের প্রবেশদ্বারে পাহারা দেওয়ার কাজে এবং কোন ব্যক্তির আইডি নম্বর সনাক্তকরণে এই পদ্ধতি ব্যবহার হয়। Applied Artificial Intelligence (AI) Face Recognition System এর ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করে।

4) যে কম্পিউটার প্রোগ্রাম নিজে নিজেই অন্য কম্পিউটারে ইন্টারনেটের মাধ্যমে কপি হয় তাকে _____বলে।

- 1) Boot Virus
- ✔ 2) Worms
- 3) Trojan Horse
- 4) Program Virus

**ব্যাখ্যা :**

**Computer Worm:**
A self-replicating program that propagates itself through a network onto other computer systems without requiring a host program or any user intervention to replicate.

কম্পিউটার ওয়ার্ম হচ্ছে এমন একটি প্রোগ্রাম, যা নিজেই নিজের কপি করে নেটওয়ার্কে ছড়িয়ে পড়ে এবং অন্যান্য কম্পিউটারকেও সংক্রমিত করে। নিজের অনুলিপি তৈরি করতে এটির কোন সাহায্যের প্রয়োজন হয় না।

তথ্যসুত্রঃ [National Institute of Standards and Technology (NIST) of US.]

বাকী ৩টির মধ্যে Program and Boot Virus হচ্ছে Computer **Virus** এর উদাহরণ। এবং Trojan Horse একটি **Malware**.

5) নিচের কোন কোম্পানি 4G Standard প্রস্তুতকরণে সম্পৃক্ত?

- 1) ETSI
- ✔ 2) ITU
- 3) 3GPP
- 4) ISO

Hello BCS

**ব্যাখ্যা :** 4G is the fourth generation of broadband cellular network technology, succeeding 3G, and preceding 5G. A 4G system must provide capabilities defined by ITU in IMT Advanced. [Source: ITU Website ]

6) নিচের কোনটি Open Source DBMS?

- ✔ 1) MySQL
- 2) Microsoft Access
- 3) Oracle
- 4) Microsoft SQL Server

**ব্যাখ্যা :** কয়েকটি Open Source Database management System এর নাম উল্লেখযোগ্য : MySQL, PostgreSQL, SQLite, Apache Cassandra, InterBase, PouchDB Dnizzle etc. অপরদিকে Microsoft SQL server হলো মাইক্রোসফট দ্বারা নির্মিত একটি ডেটাবেস ম্যানেজমেন্ট সিস্টেম। Microsoft Acces হলো একটি ডেটাবেস প্রোগ্রাম এবং Oracle ডেটাবেজ হলো একটি সর্ববৃহৎ ডেটাবেস নির্মাতা কোম্পানী।

7) নিচের কোনটি system software নয়?

- 1) linux
- 2) Apple iOs
- ✔ 3) mozila firefox
- 4) android

**ব্যাখ্যা :** সিস্টেম সফটওয়্যার হলো এমন কিছু প্রোগ্রাম (programs) যার কাজ হলো একটি কম্পিউটার সিস্টেম কে চালানো এবং তাকে কাজ করার যোগ্য বানানো। এই ধরণের সফটওয়্যার গুলোই কম্পিউটার হার্ডওয়্যার গুলোকে নিয়ন্ত্রণ এবং পরিচালনা করে থাকে এবং কাজ করার ক্ষেত্রে তাদেরকে নির্দেশ দিতে সাহায্য করে। linux, android, Apple IOS হচ্ছে সিস্টেম সফটওয়ার। অপরদিকে mozila firefox হলো ব্রাউজার।

8) RFID বলতে বুঝায়-

- 1) Random Frequency Information
- 2) Radio Frequency Information
- 3) Random Frequency Identification
- ✔ 4) Radio Frequency Identification

**ব্যাখ্যা :** . আরএফআইডি (RFID) এর পূর্ণরূপ হচ্ছে Radio Frequency IDentification. RFID হচ্ছে ক্রেডিট কার্ডের মত পাতলা এবং ছোট একটা ইলেকট্রনিক ডিভাইস যেটায় খুব ছোট একটি চিপ আর একটি কয়েল ও অ্যান্টেনা থাকে। চিপটা সাধারণত সর্বোচ্চ ২০০০ বাইট তথ্য ধারণ করতে পারে।

Hello BCS

9) নিচের কোনটি Spyware এর উদাহরণ?

✔ 1) Key loggers
2) Avast
3) Norton
4) Kasparsky

**ব্যাখ্যা :** Malware (ম্যালওয়ার)
• Malware (ম্যালওয়ার) এর পূর্ণশব্দরূপ হলো Malicious Software.
• কম্পিউটার ভাইরাস ছাড়া ম্যালওয়ারের অন্তর্ভুক্ত সফটওয়্যারগুলোর মধ্যে রয়েছে -

- অ্যাডওয়্যার (Adware),
- স্পাইওয়্যার (Spyware),
- ট্রোজান হর্স (Trojan Horse),
- র‍্যানসমওয়্যার (Ransomware)
- Rootkits
- ওয়ার্ম (Worms) প্রভৃতি।

• Key loggers হচ্ছে এক ধরনের স্পাইওয়্যার (Spyware), যেটা সাধারণত keystroke logger নামেও পরিচিত। এটি কম্পিউটারের কীবোর্ডে টাইপিং ডাটা ট্র্যাক এবং রেকর্ড করে।
• র‍্যামসমওয়্যারের মাধ্যমে ব্যবহারকারীর কম্পিউটার আক্রমনের করে তথ্য কুক্ষিগত করে মুক্তিপণ দাবি করা হয়। • বিজ্ঞাপন সম্পর্কিত ম্যালওয়্যার হলো অ্যাডওয়্যার (Adware).

10) নিচের কোন ডিভাইসটি ইনপুট ও আউটপুট ডিভাইস হিসাবে কাজ করে?

1) Mouse
2) Projector
✔ 3) Touch Screen
4) Scanner

**ব্যাখ্যা :** ইনপুট ডিভাইসঃ যেসব ডিভাইসের মাধ্যমে কম্পিউটারে ডাটা বা তথ্য ইনপুট বা কমান্ড দেওয়া যায়, সেগুলোই ইনপুট ডিভাইস।
- কি-বোর্ড
- মাউস
- অপটিকাল রিডার
- জয়স্টিক
- মাইক্রোফোন
- স্ক্যানার
- গ্রাফিক্স প্যাড
- লাইট পেন
- ওয়েবক্যাম

Hello BCS

- ওসিআর ইত্যাদি।

আউটপুট ডিভাইসঃ যেগুলোর মাধ্যমে কম্পিউটার থেকে ডাটা/তথ্য বা যেকোনো কিছু আউটপুট নেওয়া যায়, সেগুলোই আউটপুট ডিভাইস।
- মনিটর
- প্রিন্টার,
- প্রজেক্টর,
- স্পিকার,
- প্লটার,
- হেডফোন

**ইনপুট-আউটপুট ডিভাইসঃ** কিছু ডিভাইস আছে যেগুলো ইনপুট-আউটপুট দুটোরই কাজ করে
- পেনড্রাইভ
**- টাচ স্ক্রিন**
- মডেম

সূত্রঃ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় নবম দশম শ্রেণী ও কালের কণ্ঠ পত্রিকা

11) Keyboard এবং CPU এর মধ্যে কোন পদ্ধতিতে data transmission হয়?

✔ 1) Simplex
2) Duplex
3) Half duplex
4) Triplex

**ব্যাখ্যা :** সিমপ্লেক্স ডেটা ট্রান্সমিশন মোডে কেবলমাত্র একদিকে ডেটা প্রেরণের ব্যবস্থা থাকে। সিমপ্লেক্স মোডে কেবলমাত্র ক হতে খ এর দিকে ডেটা প্রেরণ করা যাবে। কিন্তু খ হতে ক এর দিকে ডেটা প্রেরণ সম্ভব নয়। অর্থাৎ এই ব্যবস্থায় ডেটা গ্রহণ অথবা প্রেরণের যে কোন একটি সম্ভব। যে প্রান্ত ডেটা প্রেরণ করবে সে প্রান্ত গ্রহণ করতে পারবে না। এবং গ্রহণ প্রান্ত প্রেরণ করতে পারে না। উদাহরণ-রেডিও এবং টিভি ব্রডকাস্ট, কম্পিউটার থেকে প্রিন্টারে ডেটা প্রেরণ, কী-বোর্ডে থেকে কম্পিউটার ডেটা প্রেরণ ইত্যাদি।

12) নিচের কোনটি ALU এর আউটপুট রাখার জন্য ব্যবহৃত হয়?

✔ 1) Register
2) ROM
3) Flags
4) Output Unit

**ব্যাখ্যা :** রেজিস্টার
- রেজিস্টার তৈরি হয় ফ্লিপ ফ্লপের সাহায্যে।
- এগুলোর কাজ করার ক্ষমতা অত্যন্ত দ্রুত।

Hello BCS

- মাইক্রোপ্রসেসরের কার্যাবলি সম্পাদনের জন্য এর অভ্যন্তরে বিভিন্ন ধরনের রেজিস্টার ব্যবহৃত হয়।
- মাইক্রোপ্রসেসর ভেদে রেজিস্টারের ধারণক্ষমতা ভিন ভিন্ন হতে পারে। যেমন ৪-বিট রেজিস্টার 16-বিট রেজিস্টার, 32 বিট রেজিস্টার, 64-বিট রেজিস্টার ইত্যাদি।
- ইলেকট্রনিক সার্কিট দিয়ে তৈরি বলে রেজিস্টারগুলোর কাজ করার ক্ষমতা খুব দ্রুত হয়।
- গাণিতিক ও যুক্তিমূলক ইউনিটের প্রক্রিয়াকরণের ফলাফল তাৎক্ষণিক অস্থায়ীভাবে সংরক্ষণের জন্য অ্যাকিউমুলেটর (রেজিস্টার) ব্যবহৃত হয়।
- অ্যাকিউমুলেটর একটি গুরুত্বপূর্ণ রেজিস্টার।

13) নিচের Job Scheduling Policy সমূহের মধ্যে কোনটি Starvation থেকে মুক্ত?

1) Shortest Job First
2) Youngest Job First
3) Priority Scheduling
✔ 4) Round-robin

**ব্যাখ্যা :** এই শিডিউলিংয়ে প্রতিটি প্রসেস CPU টাইমের একটি নির্দিষ্ট অংশ পায়। CPU time এর অংশগুলোকে time slice বলা হয়। একটি time slice এ কোন প্রসেস সমাপ্ত না হলে সে আবার queue এর শেষে জমা হয়। এটি starvation থেকে মুক্ত। [উৎস : কম্পিউটার ও তথ্য প্রযুক্তি, এসএসসি]

14) প্রতারণামূলকভাবে সংবেদনশীল তথ্য যেমন পাসওয়ার্ড ও ক্রেডিট কার্ড নম্বর অর্জন করার জন্য ইন্টারনেট ব্যবহার করার অনুশীলনকে কী বলা হয়?

✔ 1) Phishing
2) Spamming
3) Ransom ware
4) Sniffing

**ব্যাখ্যা :** বিভিন্ন ধরণের সাইবার অপরাধ :
ফিশিং (Phishing) : ইলেকট্রনিক যোগাযোগ ব্যবস্থায় বা ইন্টারনেটে কোন নির্ভরযোগ্য বা বিশ্বাসযোগ্য সত্ত্বার ছদ্মবেশ ধারণ করে বিদ্বেষপরায়ণ হয়ে ক্রেডিট বা ডেবিট কার্ডের বিস্তারিত তথ্য, ইউজার নেম ও পাসওয়ার্ড এর মত সংবেদনশীল তথ্য চুরির প্রচেষ্টাকে ফিশিং (phishing) বলে।
স্প্যামিং (Spamming) : অনাকাঙ্ক্ষিত বা অবাঞ্ছিত ই-মেইল কিংবা মেসেজ পাঠানোকে স্প্যামিং বলে। এই কাজ যারা করে তাদেরকে স্প্যামার বলা হয়।
র‍্যানসমওয়্যার (Ransomware) : র‍্যানসমওয়্যার এক ধরনের ম্যালওয়্যার। র‍্যানসমওয়্যারের মাধ্যমে ব্যবহারকারীর কম্পিউটার আক্রমনের করে তথ্য কুক্ষিগত করে মুক্তিপণ দাবি করা হয়।
স্নিফিং (Sniffing) : ট্রান্সমিশন লাইন দিয়ে তথ্য যাওয়ার সময় হাতিয়ে নেওয়ার প্রক্রিয়াকে বলা হয় স্নিফিং।

15) ১০১১১০ বাইনারি নাম্বারের সমতুল্য ডেসিমাল নাম্বার কোনটি?

✔ 1) ৪৬
2) ২৪

Hello BCS

3) ১৬
4) ৫৪

**ব্যাখ্যা :** 1.2^5+0.2^4+1.2^3+1.2^2+1.2^1+0.2^0
=32+0+8+4+2+0
=46

16) নিচের কোনটি সার্বজনীন ডিজিটাল লজিক গেইট?

1) XOR
2) AND
✔ 3) NOR
4) OR

**ব্যাখ্যা :** সার্বজনীন গেইট :
- যে গেইট এর সাহায্যে মৌলিক গেইটসহ (AND, OR, NOT) যেকোনো গেইট এবং যেকোনো সার্কিট বাস্তবায়ন করা যায় তাকে সার্বজনীন গেইট বলে।
- NAND ও NOR গেইটকে সার্বজনীন গেইট বলা হয়।
- কারণ, শুধুমাত্র NAND গেইট বা শুধুমাত্র NOR গেইট দিয়ে মৌলিক গেইটসহ যেকোনো লজিক গেইট বা সার্কিট বাস্তবায়ন করা যায়।
মৌলিক লজিক গেইট :
- OR Gate
- AND Gate
- NOT Gate

সার্বজনীন লজিক গেইট :
- NAND Gate
- NOR Gate

বিশেষ লজিক গেইট :
- XOR Gate
- XNOR Gate

17) একটি কম্পিউটার নেটওয়ার্কে একটি LAN এর একাধিক ডিভাইসকে একটি WAN এর সাথে সংযুক্ত করে এমন ডিভাইস কোনটি?

1) রাউটার
2) ওয়েব সার্ভার
✔ 3) ব্রীজ
4) হাব

Hello BCS

**ব্যাখ্যা :** রাউটার (Router)
- রাউটার হলো একটি বুদ্ধিমান নেটওয়ার্ক ডিভাইস, যা একই প্রটোকল বিশিষ্ট দুই বা ততোধিক নেটওয়ার্ককে সংযুক্ত করে।
- রাউটার উৎস কম্পিউটার থেকে গন্তব্য কম্পিউটারে সবচেয়ে কম দূরত্বের পথ ব্যবহার করে ডেটা প্যাকেট (ডেটার সমষ্টি) পৌঁছে দেয় ।
- একই সাথে নেটওয়ার্কে ডেটার আধিক্য এবং ব্যস্ততা দেখতে পেলে রাউটার সেই রুট বা পাথ পরিহার করে অন্য রুট বা পাথ দিয়ে ডেটা পাঠাতে সক্ষম হয়।
- একাধিক LAN সংযুক্ত করতে বা WAN এর সাথে LAN-কে সংযুক্ত করতে রাউটার ব্যবহার করা হয়। - এটি NAT (Network Address Translator) ব্যবহার করে নেটওয়ার্ক চিহ্নিত করে থাকে।

18) DNS সার্ভারের কাজ হচ্ছে _____ কে _____ address- এ পরিবর্তন করা।

1) Email, IP
2) Email, DNS
✔ 3) Domain name, IP
4) MAC Address, IP

**ব্যাখ্যা :** DNS (Domain name system) হলো এমন একটি প্রযুক্তি যা ইন্টারনেট ব্যবহারকারীদের বিভিন্ন ওয়েবসাইট এবং ইন্টারনেটের বিভিন্ন ওয়েবসাইট এবং ইন্টানেটের অন্যান্য স্থানে পরিচালিত করে এর কাজ হচ্ছে Domain Name কে IP Address – এ পরিবর্তন করা।

19) নিচের কোন মেমোরিটিতে Access Time সবচেয়ে কম?

✔ 1) Registers
2) SSD
3) Cache memory
4) RAM

**ব্যাখ্যা :** রেজিস্টার একটি হার্ডওয়্যার কোম্পোনেন্ট যেটি ক্ষুদ্রতম সময়ে বিট দ্বারা করতে সক্ষম। অন্যদিকে, Cache memory হলো বারবার ব্যবহৃত মেমোরিকে হার্ড ড্রাইভে না রেখে র‍্যামে এনে রাখা। সফটওয়্যারের মাধ্যমে দ্রুততম এক্সেস করা যায় ক্যাশ মেমোরিতে। অন্যদিকে, রেজিস্টার হার্ডওয়্যারে এক্সেস টাইম প্রায় ন্যানোসেকেন্ড লেভেলে।

20) নিচের কোনটি ক্লাউড কম্পিউটিং এর বৈশিষ্ট্য নয়?

1) On demand self service
2) Broad network access
3) Limited customization
✔ 4) Physical ownership of servers

**ব্যাখ্যা :** ক্লাউড কম্পিউটিং :
-ক্লাউড কম্পিউটিং হচ্ছে কম্পিউটার রিসোর্স যেমন- কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার, নেটওয়ার্ক

Hello BCS

ডিভাইস প্রভৃতি ব্যবহার করে কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে কোনো সার্ভিস বা সেবা প্রদান করা।
- ২০০৬ সালে বিশ্ব বিখ্যাত আমাজন ওয়েব সার্ভিস বাণিজ্যিকভাবে ক্লাউড কম্পিউটিং এর ব্যবহার শুরু করে।
ক্লাউড কম্পিউটিং এর বৈশিষ্ট্য :
- On-demand self service.
- Broad network access.
- Limited customization.

- ক্লাউড কম্পিউটিং এর ক্ষেত্রে 'Physical ownership of servers' বৈশিষ্ট্য পরিলক্ষিত হয় না।

21) নিচের কোন মডেলটি Cloud Computing সেবা প্রদানকারীগণ ব্যবহার করে না?

✔ 1) CaaS
2) IaaS
3) SaaS
4) PaaS

**ব্যাখ্যা :** ৩ ধরনের cloud service models রয়েছে। যথাঃ ১। Infrastructure as a Service (IaaS) ২। Platform as a Service (PaaS) ৩। Software as a Service (SaaS) অর্থাৎ CaaS নামে কোন মডেল Cloud Computing সেবা প্রদানকারীগণ ব্যবহার করে না। তাছাড়া IaaS is also known as Hardware as a Service (HaaS) এবং SaaS is also known as "on-demand software". [তথ্যসূত্রঃ javapoint]

22) অ্যামাজন-এর ক্লাউড প্লাটফর্ম কোনটি?

1) Cloudera
✔ 2) AWS
3) Azure
4) উপরের সবগুলো

**ব্যাখ্যা :** ক্লাউড কম্পিউটিং-এ যেসব আন্তর্জাতিক পরিষেবা নেতৃত্ব দিচ্ছে তাদের মধ্যে অন্যতম হলো অ্যামাজন ওয়েব সার্ভিসেস (AWS)। অ্যামাজন ক্লাউডে অনেক ধরনের পরিষেবা প্রদান করে থাকে। ২০০২ সালের জুলাই মাসে এটি প্রথম প্রকাশ্যে আসে। ক্রিস পিঙ্কহাম ও বেঞ্জামিন ব্ল্যাক এর তত্ত্বাবধানে ২০০৪ এর নভেম্বরে এটি জন-বাবহারে উন্মুক্ত করা হয়। পরবর্তীতে দক্ষিণ আফ্রিকার কেপটাউন-এ পিঙ্কহাম ও ক্রিস্টোফার ব্রাউন এর EC2 পরিষেবা গঠন করেন।


23) $(2FA)_{16}$ এই হেক্সাডেসিমেল সংখ্যাটিকে অক্টালে রূপান্তর করুন :

1) $(762)_8$
✔ 2) $(1372)_8$
3) $(228)_8$
4) $(1482)_8$

Hello BCS


**ব্যাখ্যা :** হেক্সাডেসিমেল থেকে অক্টালে রূপান্তর করার জন্য প্রথমে হেক্সাডেসিমেল থেকে বাইনারি এবং পরবর্তীতে বাইনারি থেকে অক্টালে রুপান্তর করে সহজেই তা সমাধান করা যায়।

• **$(2FA)_{16}$ কে বাইনারি রূপান্তর:** হেক্সাডেসিমেল থেকে বাইনারি সংখ্যায় রূপান্তরের ক্ষেত্রে প্রতিটি হেক্সাডেসিমেল অংককে ৪ বিট বিশিষ্ট বাইনারি রূপান্তর করলে বাইনারি সংখ্যা পাওয়া যায়।




$\therefore (2FA)_{16} = (001011111010)_2$

• **$(001011111010)_2$ কে অক্টালে রূপান্তর:** কোন বাইনারি পূর্ণ সংখ্যাকে অক্টাল সংখ্যায় রূপান্তরের জন্য সংখ্যাটির অংকগুলোকে ডান দিক থেকে ৩ বিট বিশিষ্ট এক একটি গ্রুপে ভাগ করা হয়।




$\therefore (001011111010)_2 = (1732)_8$

অর্থাৎ $(2FA)_{16} = (1732)_8$

Hello BCS

24) নিচের কোন Octal সংখ্যাটি Decimal সংখ্যা ৫৫-এর সমতুল্য?

1) ৮৭
2) ৫৫
✔ 3) ৬৭
4) ৭৭

**ব্যাখ্যা :** দশমিক পূর্ণ সংখ্যাকে অক্ট্যাল সংখ্যায় রূপান্তর করার জন্য সংখ্যাটিকে ৮ দ্বারা (যেহেতু অক্ট্যাল সংখ্যার ভিত্তি ৮) উপর্যুপরি ভাগ করতে হয় যতক্ষণ পর্যন্ত না ভাগফল ০ (শূন্য) হয়।

অত :পর ভাগশেষগুলোকে সর্বোচ্চ গুরুত্বের অংক (Most Significant Digit - MSD) থেকে সর্বনিম্ন গুরুত্বের অংক (Least Significant Digit -LSD) পর্যন্ত ধারাবাহিকভাবে সাজিয়ে সংখ্যাটির সমতুল্য অক্ট্যাল মান নির্ণয় করা যায়।

| Division by 8 | Quotient(ভাগফল) | Remainder (ভাগশেষ) |
|---|---|---|
| (55)/8 | 6 | 7 |
| (6)/8 | 0 | 6 |

$(55)_{10} = (67)_8$

25) ফায়ারওয়ালের প্রাথমিক কাজ কী?

1) সমস্ত আগত ট্রাফিক নেটওয়ার্কে ঢুকতে না দেওয়া।
2) সমস্ত আগত ট্রাফিক নেটওয়ার্কে ঢুকার অনুমতি দেওয়া।
✔ 3) আগত এবং বহির্গত নেটওয়ার্ক ট্রাফিক নিরীক্ষা এবং নিয়ন্ত্রণ করা।
4) সমস্ত নেটওয়ার্ক ট্রাফিক এনক্রিপ্ট করা।

**ব্যাখ্যা :** ফায়ারওয়াল
- ফায়ারওয়াল হলো এক বিশেষ নিরাপত্তা ব্যবস্থা যাতে এক নেটওয়ার্ক থেকে আরেক নেটওয়ার্কে ডাটা প্রবাহ নিয়ন্ত্রণ করা যায়।
- ফায়ারওয়াল বাইরের আক্রমণ থেকে এক বা একাধিক কম্পিউটারকে রক্ষা করার জন্য হার্ডওয়্যার ও সফটওয়্যারের মিলিত প্রয়াস।
- কম্পিউটার ফায়ারওয়ালের কাজ- ব্যক্তিগত বা সংবেদনশীল ডেটা রক্ষা করতে ব্যবহৃত হয়।

- ফায়ারওয়ালকে বিশেষ কিছু বৈশিষ্ট্য সম্পন্ন একটি সিস্টেম হিসেবে গণ্য করা হয় যার সাহায্যে ব্যবহারকারীকে সংরক্ষিত কোন নেটওয়ার্কে প্রবেশ করার অনুমতি প্রদান করা কিংবা বাধা প্রদান করা হয়। অর্থাৎ ফায়ারওয়াল আগত এবং বহির্গত নেটওয়ার্ক ট্রাফিক নিরীক্ষা এবং নিয়ন্ত্রণ করে।

26) এক মেশিন থেকে অন্য মেশিনে ই-মেইল মেসেজ স্থানান্তর করতে কোন TCP/IP প্রটোকল ব্যবহার হয়?

1) FTP
2) RPC
3) SNMP
✔ 4) SMTP

**ব্যাখ্যা :** SMTP (Simple Mail Transfer Protocol) একটি নেটওয়ার্ক প্রোটোকল (কোনও নেটওয়ার্কের মধ্যে বার্তা প্রেরণে নিয়মের একটি সেট) ব্যবহৃত হয় যা একটি সার্ভার এবং অন্যটির মধ্যে পাঠ্য-ভিত্তিক বার্তা বা ইমেল বার্তা প্রেরণ এবং গ্রহণের জন্য ব্যবহৃত হয়। SMTP টিকে প্রথমে ১৯৮২ সালে RFC ৮২১ দ্বারা সংজ্ঞায়িত করা হয়েছিল, এটি সর্বশেষ ২০০৮ সালে RFC দ্বারা বর্ধিত এসএমটিপি সংযোজন দ্বারা আপডেট করা হয়েছিল।

Hello BCS

27) নিচের কোন সাইবার আক্রমণ সংঘটিত হলে গ্রাহক নিজ Computer System ব্যবহার করতে পারেন না এবং Computer System-কে ব্যবহার উপযোগী করতে অর্থ দাবি করা হয়?

1) Denial of Service
2) Phishing
✔ 3) Ransomware
4) Man-in-the-Middle

**ব্যাখ্যা : - ম্যালওয়্যার:** ইহা হলো কম্পিউটারের ক্ষতিকারক সফটওয়্যার। এই সফটওয়্যারের মাধ্যমে ব্যবহারকারীদের অনুমতি ছাড়া পরিকল্পিত কোনো নেটওয়ার্কে আক্রমণ করে তথ্য বা ডেটা হাতিয়ে নেওয়া কিংবা কম্পিউটারের ক্ষতি করতে পারে সাইবার দুর্বৃত্তরা।

**- র‍্যানসমওয়্যার:** ইহা হচ্ছে এমন এক ধরনের ম্যালওয়্যার যা কম্পিউটারের দখল নেয় যাতে ব্যবহারকারীকে অর্থ পরিশোধ না করা পর্যন্ত ঢুকতে দেয় না।
র‍্যানসমওয়্যার নামটিই প্রকাশ করে যে, **কম্পিউটারের ফাইল আটকে অর্থ নেওয়ার জন্য এটা করা হয়।** কম্পিউটারে যত ফাইল পায় সব এনক্রিপ্ট করে ফেলে একটি বার্তা দেখানো শুরু করে। যদি ওই ফাইল উদ্ধার করে চান তবে অর্থ পরিশোধ করতে হবে। সাধারণত একটি এনক্রিপশন কি বা প্রোগ্রাম চাবি ব্যবহার করে ফাইল আটকানো হয়।
ওই চাবি সম্পর্কে তথ্য কেবল আক্রমণকারীর জানা থাকে। যদি অর্থ পরিশোধ করা না হয় তখন তথ্য পুরোপুরি মুছে ফেলার ঘটনা ঘটতে দেখা যায়।

- **DoS (Denial of Service):** ইহা হলো এক ধরনের সাইবার আক্রমণ যেখানে হ্যাকার ডিভাইসের স্বাভাবিক কার্যকারিতা বাধাগ্রস্ত করে একটি কম্পিউটার বা অন্য ডিভাইসকে তার উদ্দেশ্য ব্যবহারকারীদের কাছ থেকে দূরে রাখে। কোনো কম্পিউটার সিস্টেম বা ইন্টারনেট ওয়েবসাইটে এই আক্রমণ চালানোর মাধ্যমে ঐ সিস্টেম বা সাইটের যথাযথ কার্যক্রমকে ধীর গতির, বা অনেক ক্ষেত্রে পুরোপুরি বন্ধ করে দেয়া হয়।

- **Man-in-the-Middle:** দুই কম্পিউটারের মাঝের যোগাযোগে অন্য কম্পিউটার থেকে হ্যাকারের অনুপ্রবেশকেই 'ম্যান-ইন-দ্যা-মিডল অ্যাটাক' বলা হয়। ম্যান-ইন-দ্যা-মিডল অ্যাটাক করা হয় টার্গেটের গোপনীয়/একান্ত এবং আর্থিক তথ্য ইত্যাদি জানা ও সংগ্রহ করার জন্য।

**- ফিশিং (Phishing):** ফিশিং করার অর্থ ই-মেইল বা মেসেজের মাধ্যমে ওয়েবসাইট ব্যবহারকারীকে নকল বা ফেইক ওয়েবসাইটে নিয়ে কৌশলে তার বিশ্বস্ততা অর্জন করা এবং গুরুত্বপূর্ণ তথ্য চুরি করে তাদের নানা ধরনের বিপদে ফেলা।

উৎস : প্রথম আলো, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, একাদশ-দ্বাদশ শ্রেণি (২০২১ সংস্করণ)

28) নিচের কোনটি Structured Query Language নয়?

1) Oracle
2) MySQL

3) Java
✔ 4) উপরের সবগুলো

**ব্যাখ্যা :**

Java, MySQL এবং Oracle এর কোনটাই Structured Query **Language** (SQL) নয়।

অর্থাৎ, সঠিক উত্তর : ঘ) উপরের সবগুলো *(Structured Query Language নয়)*

একটি ট্রিকি প্রশ্ন। তাই, কোন প্রকার বিতর্কে যাবার আগে MySQL and Oracle এই দুটি ল্যাঙ্গুয়েজ, এটা রেফারেন্সসহ দিয়ে খোলামনে বিতর্ক শুরু করতে হবে।

**অপশন ক) JAVA**
- একটি Programming **Language.** তবে, SQL নয়। আসলে এটা নিয়ে কারও কোন সন্দেহ থাকার সুযোগ নেই।

**অপশন খ) MySQL**
- একটি Relational Database **Management System** (RDBMS). কোন ল্যাঙ্গুয়েজ নয়।
MySQL এর অফিসিয়াল সাইট থেকে - MySQL, the most popular Open-Source SQL database **management system**, is developed, distributed, and supported by Oracle Corporation.
SQL is the most common standardized language **used to access databases.**
অর্থাৎ, রিলেশনাল ডাটাবেজ এ্যাকসেস করার জন্য SQL হচ্ছে একটি হাতিয়ার। MySQL as a Management System, Structured Query Language **(SQL)** ব্যবহার করে। নিজে কোন ল্যাংগুয়েজ নয়।

**অপশন গ) Oracle**
- Oracle Corporation এর আরেকটি Relational Database **Management System** (RDBMS). কোন ল্যাঙ্গুয়েজ নয়।

Structured Query **Language** (SQL) একটি অনন্য শক্তিশালী ডাটা মেনিপুলেশন ও ডেফিনেশন ল্যাংগুয়েজ। ১৯৭৪ সালে IBM (International Business Machine) এর Research Center এ SQL তৈরি করা হয়।

অন্যদিকে,

Hello BCS

RDBMS এর পূর্ণরূপ Relational Database **Management System**.
Relational Database Management System এর উদাহরণ হলো- MS Access, **Oracle**, **MySQL**, Microsoft SQL Server, Informix ইত্যাদি।

তথ্যসুত্র :
কম্পিউটার ও তথ্য প্রযুক্তি বোর্ড বইসমূহ, MySQL এবং Oracle এর অফিসিয়াল সাইট।

29) নিচের কোনটি output device নয়?

1) printer
✔ 2) microphone
3) monitor
4) speaker

**ব্যাখ্যা :** কয়েকটি output device হচ্ছে- Speaker, Monitor, Printer, Plotter ইত্যাদি এবং কয়েকটি input device হচ্ছে- Keyboard, Mouse, Scanner, Light Pen, Track Ball, Touch Pad, Microphone, Web Camera, Joystick, OCR, OMR, BCR, MIRC ইত্যাদি।
[Source: Daily Newspaper ]

30) নিচের কোনটি multi-tasking operating system নয়?

1) Linux
2) Windows NT
3) Windows
✔ 4) DOS

**ব্যাখ্যা :** কমান্ডভিত্তিক অপারেটিং সিস্টেম DOS যেখানে একাধিক ব্যবহারকারীর একসাথে কমান্ড দেওয়ার সুযোগ নাই।

31) এমবেডেড সিস্টেমে সাধারণত কোন ধরনের মেমোরি ব্যবহৃত হয়?

✔ 1) RAM
2) হার্ডডিস্ক ড্রাইভ
3) ফ্লাশ মেমোরি
4) অপটিক্যাল ডিস্ক ড্রাইভ

**ব্যাখ্যা :** ১) Volatile or Non-Volatile কোন ধরণের মেমোরি এটা স্পেসিফিক চাওয়া হয়নি।
২) RAM প্রায় সকল কম্পিউটিং সিস্টেমেরই সাধারণ অংশ।
৩) ফ্লাশ মেমোরি Embedded System এর জন্য যথাযথ/উপযুক্ত Non-Volatile মেমোরি।

প্রশ্নের ধরণে এটাও মনে হচ্ছে, অপশনে দেয়া ৩টি Non-Volatile মেমোরি (খ) হার্ডডিস্ক ড্রাইভ, গ) ফ্লাশ মেমোরি, ঘ) অপটিকাল ডিস্ক ড্রাইভ) থেকে এম্বেডেড সিস্টেমে সাধারণত কোন ধরনের মেমোরি ব্যবহৃত হয়?

Hello BCS

এরকম করেই প্রশ্নটা করতে চাওয়া হয়েছে।
সেক্ষেত্রে নিঃসন্দেহে সঠিক উত্তর গ) ফ্লাশ মেমোরি।
অন্যদিকে, এটাও বলা যায় যে, Volatile or Non-Volatile নির্বিশেষে এম্বেডেড সিস্টেমে সাধারণত কোন ধরনের মেমোরি ব্যবহৃত হয়? এটাও চাইতে পারে।
কিছু বিশেষায়িত বা উচ্চ-ক্ষমতাসম্পন্ন সিস্টেমে ফ্লাশ মেমোরি ব্যবহার করা হয় না, তার বদলে অন্যান্য Non-Volatile অপশন বা নেটওয়ার্ক-লোডেড সফ্টওয়্যার ব্যবহার করা হয়ে থাকে। অন্যান্য Non-Volatile অপশন : Flash Memory, EEPROM (Electrically Erasable Programmable Read-Only Memory), NOR Flash Memory, Ferroelectric RAM (FRAM or FeRAM), Magnetoresistive RAM (MRAM), Phase-Change Memory (PCM or PRAM) and Resistive RAM (ReRAM).
যাইহোক, বলা চলে প্রায় সব এম্বেডেড সিস্টেমে RAM থাকে। RAM ছাড়া এম্বেডেড সিস্টেমের কার্যক্ষমতায় অনেক সীমাবদ্ধতা চলে আসে। তবুও, অল্প কিছু এম্বেডেড সিস্টেম আছে যেগুলোতে র‍্যাম ছাড়াও ফাংশন চালনা হয়।

32) নিচের কোনটি Open Source Software ?

✔ 1) google chrome
2) Adobe Photoshop
3) Zoom
4) microsoft windows

**ব্যাখ্যা :** Open Source Software হলো মুক্ত লাইসেন্সে প্রকাশিত এমন সকল সফটওয়্যার যা ব্যবহারকারীদের এটি ব্যবহার, গবেষণা, উৎস কোড পরিবর্তন, পরিবর্ধনসহ সফটওয়ারটির যেকোন ধরনের উন্নয়ন করার স্বাধীনতা দেয়। যার ফলে সাধারণ এবং বাণিজ্যিক ব্যবহারকরীরা সহজেই এর উপযোগীতা উপলব্ধি করতে পারে। একই সাথে এর জনপ্রিয়তাও বৃদ্ধি পায়। google chrome হলো একটি Open Source software.

33) নিচের কোনটি anti-virus সফটওয়্যার নয়?

✔ 1) Oracle
2) Norton
3) McAfee
4) Kaspersky

**ব্যাখ্যা :**

Antivirus বলতে সাধারণত কম্পিউটারের ভাইরাস রোধ করার জন্য ব্যবহৃত এক ধরণের প্রোগ্রামকে বুঝায় । যা কম্পিউটারের হার্ডডিক্স বা যেকোনো রিমুভেবল ডিক্স হতে ভাইরাস সনাক্তকরণ , প্রতিরোধ ও প্রতিকার করতে পারে । কয়েকটি অ্যান্টিভাইরাস এর নাম- McAfee, AVG Anti-Virus, Norton Antivirus, Kaspersky Antivirus, Symantec ইত্যাদি। এখানে Oracle হল একটি ডাটাবেস ম্যানেজমেন্ট সিস্টেম (Database management system) ।

Hello BCS

34) কোন চিহ্নটি ই-মেইল ঠিকানায় অবশ্যই থাকবে?

1) '$'
2) '
3) '
✔ 4) '@'

**ব্যাখ্যা :** ই-মেইল তথা ইলেক্ট্রনিক মেইল হলো বার্তা যা কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে প্রেরণ করা হয়। অ্যাট '@' চিহ্ন প্রত্যেকটি SMTP- ই মেইলের অত্যাবশ্যকীয় অংশ। অথবা, ই-মেইল ঠিকানা দুইটি অংশে বিভক্ত। প্রথম অংশটি হলো ব্যবহাকারীরর নাম। তার পরে থাকে সংশ্লিষ্ট ব্যবহাকারীর প্রতিষ্ঠানের নাম। যেমন : abc@cde.com- এই ঠিকানাটিতে abc হলো ব্যবহারকীরর নাম, cde.com হলো ব্যবহাকারীর মেইল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের নাম।

35) ইন্টারনেট যোগাযোগ ব্যবস্থায় Hostname-কে IP Address-এ অনুবাদ করে—

1) Firewall
2) gateway
✔ 3) DNS server
4) PTP Serve

**ব্যাখ্যা :** DNS is a host name to IP address translation service. DNS is a distributed database implemented in a hierarchy of name servers. It is an application layer protocol for message exchange between clients and servers. DNS রেজোলিউশনের প্রক্রিয়াটিতে একটি হোস্টনাম (যেমন www.example.com) কম্পিউটার-বান্ধব আইপি ঠিকানায় রূপান্তর করা (যেমন 192.168.1.1)। [source: geekforgeeks]

36) নিচের কোনটি Bluetooth-এর IEEE standard?

✔ 1) IEEE 802.15
2) IEEE 802.1
3) IEEE 802.3
4) IEEE 802.11

**ব্যাখ্যা :** Hotspot তিন ধরনের- (i) WiFi, (ii)Bluetooth, (iii) WiMax।ব্লুটুথের কভারেজ এরিয়া সাধারণত ১০-১০০ মিটার।

37) Ipv4- এ নিচের কোনটি Google DNS Server এর IP Address?

1) 8.8.7.6
2) 8.7.8.6
3) 8.8.8.6
✔ 4) 8.8.8.8

Hello BCS

**ব্যাখ্যা :** • DNS সার্ভার :
- যে পদ্ধতিতে ডোমেইন নেইমকে নিয়ন্ত্রণ করা হয় তাকে ডোমেইন নেইম সিস্টেম বলে।
- DNS Server ডোমেইন নেমকে আইপি অ্যাড্রেসে অনুবাদ করে।
- DNS সার্ভারের পূর্ণরূপ Domain Name System সার্ভার।
- একজন ব্যবহারকারী যখন একটি ওয়েবসাইটে ক্লিক করে, তখন এই নির্দেশ DNS Server এ গিয়ে পৌঁছায়।
- ডোমেইন নেইম এর বিভিন্ন অংশ থাকে। ডট (.) অপারেটর দ্বারা অংশগুলো বিভক্ত।

# Google Public DNS IP addresses

The Google Public DNS IP addresses (IPv4) are as follows:

```
8.8.8.8
8.8.4.4
```

38) SCSI-এর পূর্ণরূপ কী?

✔ 1) Small Computer System Interface
2) Small Computer Software Interface.
3) Small Computer Standard Interface
4) Small Computer Stronge Interface

**ব্যাখ্যা :** SCSI, in full Small Computer System Interface, once-common standard for connecting peripheral devices (disks, modems, printers, etc.) to small and medium-sized computers. SCSI has given way to faster standards, such as FireWire and USB (Universal Serial Bus).

39) নিচের কোন প্রযুক্তি ‘Pay as You Go’ সার্ভিস মডেল অনুসরণ করে?

1) Client-Server Systems
✔ 2) Cloud Computing
3) Internet of Things (IoT)
4) Big Data Analytics

**ব্যাখ্যা :** পে-অ্যাজ-ইউ-গোঃ পে-অ্যাজ-ইউ-গো একটি পেমেন্ট মডেল। ক্রেতাকে আগে থেকে কোনো সার্ভিস রিজার্ভ করতে হবে না। ক্রেতা যা ব্যবহার করবে কেবলমাত্র তার জন্যই পেমেন্ট দিতে হবে। ক্লাউড কম্পিউটিং এ ‘Pay as You go’ সার্ভিস মডেল অনুসরণ করে। [তথ্যসুত্রঃ একাদশ দ্বাদশ শ্রেণি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি]

40) ইন্টারনেটের মাধ্যমে তথ্য আদান-প্রদানের জন্য সর্বাধিক ব্যবহৃত প্রোটোকল কী?

1) HTTP
2) FTP

Hello BCS

3) DNS
✔ 4) TCP/IP

**ব্যাখ্যা :** • TCP/IP প্রোটোকলটি ইন্টারনেট সংযোগের ক্ষেত্রে সর্বাধিক ব্যবহৃত হয়।
- ইন্টারনেটের সকল কম্পিউটার কমান্ড এবং ডাটা আদান-প্রদানের TCP/IP প্রোটোকল ব্যবহার করে।br> - ইন্টারনেটে যেকোনো কম্পিউটার আরেকটি কম্পিউটারে সাথে সহজেই সংযোজিত হতে পারে।br> - একটি কম্পিউটার প্রথমে লোকাল বা স্থানীয় নেটওয়ার্কের সাথে সংযোজিত হয়, অতঃপর ইন্টারনেট ব্যাকবোনের মাধ্যমে সারা বিশ্বের সাথে যোগাযোগ স্থাপন করতে সক্ষম হয়।br> - ইন্টারনেটের সকল কম্পিউটারেরই একটি IP Address থাকে এবং প্রায় সকলের একটি ঠিকানা থাকে, যা ডোমেইন নেম সিস্টেম ব্যবহার করে।

41) Piconet কী?

1) Wide Area network
2) Wifi network
✔ 3) Bluetooth Network
4) 5G Network

**ব্যাখ্যা :** Bluetooth সিস্টেমের মৌলিক উপাদান হলো পিকোনেট (Piconet)। Bluetooth প্রযুক্তির মাধ্যমে যে নেটওয়ার্ক গঠন করা সম্ভব হয় তার নাম পিকোনেট। একটি পিকো-নেট এর আওতায় সর্বোচ্চ ৮টি যন্ত্রের মধ্যে তথ্য আদান-প্রদান করতে পারে। সাধারণত, মোবাইল ফোন, ল্যাপটপ, ডিজিটাল ক্যামেরা ইত্যাদি ডিভাইস সমূহের মধ্যে তথ্য আদান-প্রদানে এটি বর্তমানে বহুল ব্যবহৃত।

42) ২ কিলোবাইট মেমোরি adress করার জন্য কতটি address লাইন দরকার?

1) 10
✔ 2) 11
3) 12
4) 14

**ব্যাখ্যা :**

অ্যাড্রেস বাসে যদি n সংখ্যক লাইন থাকে, তাহলে লাইন দিয়ে $২^{n}$ টি অ্যাড্রেস থেকে ডেটা পড়া ও লেখা যায়।

১ কিলোবাইট = ১০২৪ বাইট = $২^{১০}$ বাইট
২ কিলোবাইট = ২ × $২^{১০}$ = $২^{১১}$ বাইট

⇒ অর্থাৎ ২ কিলোবাইট মেমোরি address করার জন্য ১১টি address লাইন দরকার।

43) DBMS এর পূর্ণরূপ কী?

1) Data Backup Management System
2) Database Management Service
✔ 3) Database Management System

Hello BCS

4) Data of Binary Management System

ব্যাখ্যা : DBMS

- DBMS এর পূর্ণরূপ Database Management System.
- ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম হলো পরস্পর সম্পর্কযুক্ত ডেটা বা তথ্য একসেস, নিয়ন্ত্রণ ও পরিচালনা করার জন্য প্রয়োজনীয় প্রোগ্রামের সমষ্টি।
- DBMS ব্যবহার করে ডেটাকে সংরক্ষণ, নিরাপত্তা প্রদান, আধুনিকরণের কাজ করা হয়।
- DBMS ব্যবহারকারী ও ডেটাবেজ এর মধ্যে সম্পর্ক স্থাপন করে থাকে।

DBMS এর প্রধান ৩ টি কাজ হচ্ছে :

- ডেটাবেজ তৈরি,
- ডেটাবেজ ইন্টারোগেশন,
- ডেটাবেজ রক্ষণাবেক্ষণ।

কয়েকটি DBMS:

- MICROSOFT Access,
- ORACLE,
- MySQL,
- Microsoft SQL Server,
- SQLite,
- Postgre SQL.

Hello BCS

44) নিচের কোন Protocol-টি ইন্টারনেটে তথ্য আদান-প্রদানের নিরাপত্তা নিশ্চিত করে থাকে?

1) FTP
✔ 2) HTTPS
3) DNS
4) ICP

ব্যাখ্যা : HTTPS stands for Hyper Text Transfer Protocol Secure. HTTP Secure (HTTPS), could be a combination of the Hypertext Transfer Protocol with the SSL/TLS convention to supply encrypted communication and secure distinguishing proof of a arrange web server. [source: geekforgeeks]

45) নিচের কোনটি একটি প্রতিষ্ঠানের ওয়েব ঠিকানাকে নির্দেশ করে?

1) www
2) HTML
✔ 3) URL
4) http

**ব্যাখ্যা :** Uniform Resource Locator অথবা URL বা ওয়েব ঠিকানা ইন্টারনেটের মাধ্যমে কোন বিশেষ ওয়েবসাইট পৌঁছানোর জন্য ব্যবহৃত একটি বিশেষ কোড।

46) নিচের কোন ডিভাইসটি ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ সিগন্যালে পরিবর্তনে ব্যবহৃত হয়?

1) Router
2) HUB
✔ 3) Modem
4) Switch

**ব্যাখ্যা :** ডিজিটাল সংকেতকে অ্যানালগ সংকেতে পরিবর্তনের প্রক্রিয়াকে মডুলেশন (Modulation) বলে। অ্যানালগ সংকেতকে ডিজিটাল সংকেতে রূপান্তরের প্রক্রিয়াকে ডিমডুলেশন বলে। প্রেরক বা প্রাপক হিসাবে ব্যবহৃত যে ডিভাইস বা যন্ত্র ডেটা কমিউনিকেশন সিস্টেমে মডুলেশন ও ডিমডুলেশন প্রক্রিয়ায় সাহায্যে উৎস ও গন্তব্যের মধ্যে ডেটা আদান-প্রদান করে তাকে মডেম বলা হয়। মডেম একটি ইলেক্ট্রনিক ডিভাইস যা ইনপুট বা আউটপুট হিসাবে ব্যবহৃত হয়। মডেম শব্দটি মডুলেটর-ডিমডুলেটরের (Modulator Demodulator) সংক্ষিপ্ত রূপ। মডুলেটর ডিজিটাল সংকেতকে অ্যানালগ সংকেতে পরিবর্তন করে এবং এই কাজের জন্য এতে একটি ডেক (DAC-Digital to Analog Converter) নামক চিপ বা সার্কিট থাকে। [তথ্যসূত্রঃ আলাল'স কম্পিউটার ]

47) GPU এর পূর্ণরূপ কী?

1) Graph Processing Unit
2) Graphic Processing Unit
✔ 3) Graphics Processing Unit
4) Geographical Processing Unit

**ব্যাখ্যা :** - GPU এর পূর্ণরূপ Graphics Processing Unit.
- GPU গ্রাফিক্স সম্পর্কিত কাজ যেমন : গ্রাফিক্স, ইফেক্ট এবং ভিডিও পরিচালনা করতে সাহায্য করে।
- বর্তমানে ভিডিও গেইমস খেলার জন্য GPU ব্যাপকহারে ব্যবহৃত হচ্ছে।

48) যে সাইবার আক্রমণ সংঘটিত হলে গ্রাহকের বৈধ অনুরোধসমূহ কোন একটি web server সম্পূর্ণ করতে ব্যর্থ হয় সেটি কী নামে পরিচিত?

1) উপরের কোনটিই নয়
2) Man-in-the-Middle
✔ 3) Denial of Service
4) Phishing

**ব্যাখ্যা :** Denial of Service অ্যাটাক বা সেবা বাধাদানের আক্রমণ হলো কোনো কম্পিউটার সিস্টেমের কোনো রিসোর্স বা সেবার (service) প্রকৃত ব্যবহারকারীদের বাধা দেয়ার একটি কৌশল। কোনো কম্পিউটার বা সিস্টেম ইন্টারনেট ওয়েবসাইটে এই আক্রমণ চালানোর মাধ্যমে ঐ সিস্টেম বা সাইটের যথাযথ কার্যক্রমকে ধীর গতির, বা অনেক ক্ষেত্রে পুরোপুরি বন্ধ করে দেয়া হয়।

Hello BCS

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS